

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা
রাজস্ব শাখা
www.khulna.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৪.৪৭০০.০৩১.৯৯.৫০১.২৬-৪৪৭

তারিখ: ২৬ ফাল্গুন ১৪৩২
১১ মার্চ ২০২৬

বিষয়: বিজ্ঞপ্তি আকারে প্রচার প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সংযুক্ত নিলাম বিজ্ঞপ্তিটি আপনার বহল প্রচারিত 'দৈনিক ইনকিলাব' পত্রিকায় ০১ (এক) দিন প্রকাশের জন্য অনুরোধ করা হলো।


মোঃ আসাদুজ্জামান আরিফ
রেভিনিউ ডেপুটি কালেক্টর
খুলনা

ফোন: ০২৪৭-৭৭২৮০৪৩
ইমেইল: khulna.rdc@gmail.com

বিজ্ঞাপন ম্যানেজার
দৈনিক ইনকিলাব, খুলনা

অনুলিপিঃ

- ১। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)
- ২। সহকারী কমিশনার (গোপনীয়), জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা (জেলা প্রশাসক, খুলনা মহোদয়ের সদয় অবগতির জন্য)

ক্রোকৃত সম্পত্তির নিলাম বিজ্ঞপ্তি


বিজ্ঞ যুগ দায়রা জজ, ১ম আদালত, খুলনা এর দায়রা মামলা নম্বর ১২০০/২০২৩ এর আদেশ মোতাবেক আসামি মোঃ রেজাউল সানা, পিতা-মৃত. মোঃ আছমত আলী সানা, সাং-ফতেপুর, থানা-পাইকগাছা, জেলা-খুলনাকে ৬,৫০,০০০/- (ছয় লক্ষ পঞ্চাশ হাজার) টাকা অর্থদণ্ড করা হয়। দণ্ডকৃত অর্থ আদায়ের জন্য আসামির নিম্নবর্ণিত স্বাবর সম্পত্তি নিম্নোক্ত শর্তে আগামী ০৮/০৪/২০২৬ খ্রিস্টাব্দে প্রকাশ্য নিলামে বিক্রয় করা হবে।

শর্তাবলী:

১. আগামী ০৮/০৪/২০২৬ খ্রিস্টাব্দে বেলা ১২.০০ ঘটিকায় উপজেলা পরিষদ মিলনায়তন, পাইকগাছা, খুলনা এর কার্যালয়ে প্রকাশ্য নিলামে বিক্রয় করা হবে। নিলাম ডাকে অংশগ্রহণকারীকে রেভিনিউ ডেপুটি কালেক্টর, খুলনার অনুকূলে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার পে-অর্ডার (ফেরতযোগ্য) জামানত প্রদান করে এবং নিলাম শুরুর ৩০ মিনিট পূর্বে জাতীয় পরিচয় পত্রের ফটোকপি দাখিল করতঃ নাম ঠিকানা লিখে নিলামে অংশগ্রহণ করতে হবে। নিলাম ডাকে অংশগ্রহণের পূর্বে উক্ত স্বাবর সম্পত্তি প্রতি অংশগ্রহণকারী কর্তৃক সরেজমিন দেখা হয়েছে এবং এ বিষয়ে কোন ধরনের আপত্তি নেই মর্মে ধর্তব্য হবে।
২. সর্বোচ্চ দর গ্রহীতা নির্বাচিত ঘোষণা হওয়ার অব্যবহিত পরই খরিদমূল্যের ২৫% টাকা রেভিনিউ ডেপুটি কালেক্টর, খুলনার নিকট জমা দিতে হবে। ডাকের সমুদয় অর্থ পরবর্তী ১৫ (পনেরো) দিনের মধ্যে পরিশোধ করতে হবে; উক্ত ১৫তম দিন শূক্রবার বা ছুটির দিন হলে তৎপরবর্তী প্রথম দিনেই টাকা রেভিনিউ ডেপুটি কালেক্টর, খুলনার ব্যাংক অ্যাকাউন্টে জমা প্রদান করতে হবে। সর্বোচ্চ ডাককারী নিলাম গ্রহণে ব্যর্থ হলে তার কর্তৃক প্রদত্ত জামানত ও ২৫% অর্থ হতে নিলামের খরচ বাদ দিয়ে বাকি অর্থ বাজেয়াপ্ত করা হবে। অপারগ সর্বোচ্চ ক্রেতা উক্ত সম্পত্তির উপর বা এর পরবর্তী নিলাম বিক্রয় দ্বারা প্রাপ্ত অর্থের কোন অংশের উপর কোন প্রকার দাবি-দাওয়া করতে পারবেন না।
৩. নির্বাচিত ডাককারী কর্তৃক সম্পূর্ণ অর্থ পরিশোধ করার পর বর্ণিত স্বাবর সম্পত্তির বয়নামা প্রদান করা হবে এবং এ সংক্রান্ত সকল ধরনের সরকারি করসমূহ, বিজ্ঞপ্তি খরচ (নিলাম কার্যক্রমে অন্যান্য সকল ব্যয়) নিলাম গ্রহীতা (নিলাম ক্রেতা) বহন করবেন।
৪. ডাকের মোট টাকার উপর বিধি মোতাবেক চলমান হারে ভ্যাট, আয়কর দাখিল করতে হবে এবং অন্যান্য সরকারি ফি/কর/মাশুলসহ ক্রয়কৃত সম্পত্তির ভূমি উন্নয়ন কর নিলাম গ্রহীতা (নিলাম ক্রেতা) কর্তৃক পরিশোধ করতে হবে।
৫. নিম্নস্বাক্ষরকারী কর্তৃক নিলামে বর্ণিত ডাক গ্রহণ বা বাতিলের চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের সকল ক্ষমতা সংরক্ষণ করবেন।
৬. এ বিষয়ে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের সুনির্দিষ্ট আপত্তি থাকলে উপযুক্ত দলিলাদিসহ বিজ্ঞপ্তি প্রকাশের ১৫ (পনেরো) দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট আপত্তি দাখিল করার জন্য অনুরোধ করা হলো। নির্ধারিত সময়ের পর কোন আপত্তি গ্রহণযোগ্য নয়।

তফসিল

জেলা	উপজেলা	মৌজা	বিআরএস খতিয়ান	বিআরএস দাগ	জমির পরিমাণ
খুলনা	পাইকগাছা	ধামরাইল	২১, ১৫৪, ৬১৯, ৬৫০, ৬২০, ৪৬৮, ৬৯১, ৯২৩, ৯৩৫, ৯৪০,	৩০৯, ১৭৪, ৩৩০, ৩৩১, ৩০৪, ৩১১, ২৭৭, ৩৩২, ৩৩০, ২৭৫, ২৭৬, ২৬৩, ২৬৭, ২৬৮, ৩২৯	০.১৪৭৩ একর
			ফতেপুর	৪৬	১৫৮, ১৯৭, ২০১, ২০৮, ২২০
		কাওয়ালী	২১৮	১১৭, ১৩০	০.০০৭৫ একর
সর্বমোট জমির পরিমাণ:					০.১৬০৮ একর


মোঃ আসাদুজ্জামান আরিফ
রেভিনিউ ডেপুটি কালেক্টর
খুলনা

ফোন: ০২৪৭৭৭২৮০৪৩

ইমেইল: khulna.rdc@gmail.com